| উন্নয়নের গণতন্ত্র<br>শেখ হাসিনার মূলমন্ত্র |
|---|

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মহেশপুর, ঝিনাইদহ
(www.moheshpur.jhenaidah.gov.bd)

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ভাষণ ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২ উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ নয়ন কুমার রাজবংশী
উপজেলা নির্বাহী অফিসার
মহেশপুর, ঝিনাইদহ

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মহেশপুর, ঝিনাইদহ
সভার তারিখ ঃ ০২ মার্চ ২০২২ খ্রি.

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য শুরু করা হয়। সভার শুরুতে শ্রদ্ধাভরে স্মরণ করা হয় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহান মুক্তিযুদ্ধে ত্রিশ লক্ষ শহীদ ও বীর মুক্তিযোদ্ধাগণকে যাঁদের ত্যাগের বিনিময়ে আমরা পেয়েছি স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ।

অতঃপর ঐতিহাসিক ৭মার্চ ২০২২ উদযাপন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ১০ জানুযারি ২০২২ খ্রি. তারিখের ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৭৭.২১/৩৫ নং স্মারকে প্রাপ্ত কার্যবিবরণী পাঠ করে শুনান এবং বিস্তারিত আলোচনান্তে ঐতিহাসিক ৭ই মার্চ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে মহেশপুর উপজেলায় কর্মসূচি গ্রহণের বিষয়ে সুধীবৃন্দ মতামত ব্যক্ত করেন। আলোচনাকালে কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে উপস্থিত সকলের প্রস্তাবমতে এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

কর্মসূচি

| তারিখ | সময় | কর্মসূচির বিবরণ | স্থান | ব্যবস্থাপনায় |
|---|---|---|---|---|
| ৬ ও ৭ ই মার্চ ২০২২ খ্রি. | ৬ ই মার্চ সকাল ৯.০০ মিনিট হতে ৭ই মার্চ | সকল গুরুত্বপূর্ণ স্থাপনা ও স্থানসমূহে ব্যানার/ফেস্টুন দ্বারা যথাযথভাবে সজ্জিতকরণ ও আলোকসজ্জা | সকল শিক্ষা প্রতিষ্ঠান, স্ব স্ব ভবন, সরকারি/ আধাসরকারি/স্বায়ত্বশাসিত অফিস/অধিদপ্তরসমূহ | ভবন মালিক, প্রতিষ্ঠান প্রধানগণ |
| ৭ই মার্চ ২০২২ খ্রি. | সূর্যোদয়ের সাথে সাথে | জাতীয় পতাকা উত্তোলন | সকল শিক্ষা প্রতিষ্ঠান, স্ব স্ব ভবন, সরকারি/ আধাসরকারি/স্বায়ত্বশাসিত অফিস/অধিদপ্তরসমূহ | ভবন মালিক, প্রতিষ্ঠান প্রধানগণ |
| | সকাল -০৯.৩০ ঘটিকা | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | সকাল -১০.০০ ঘটিকা | চিত্রাঙ্গাণ প্রতিযোগিতা<br>ক-গ্রুপ ১ম থেকে ৩য় শ্রেণী<br>খ-গ্রুপ ৪র্থ থেকে ৫ম শ্রেণী | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ | সংশ্লিষ্ট উপ-কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | সকাল ১০.৩০ ঘটিকা | আবৃত্তি<br>ক-গ্রুপ ১ম থেকে ৩য় শ্রেণী<br>খ-গ্রুপ ৪র্থ থেকে ৫ম শ্রেণী | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | সকাল ১১.০০ ঘটিকা | বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ প্রতিযোগিতা<br>ক-গ্রুপ ১ম থেকে ৩য় শ্রেণী<br>খ-গ্রুপ ৪র্থ থেকে ৫ম শ্রেণী<br>গ-গ্রুপ ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণী | উপজেলা পরিষদ চত্তর | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | সকাল ১১.৩০ ঘটিকা | আলোচনা সভা | উপজেলা পরিষদ চত্তর | সংশ্লিষ্ট উপ-কমিটি<br>ও<br>উপজেলা<br>শিল্পকলা একাডেমি |

চিত্রাংকন/ আবৃত্তি ও বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ প্রতিযোগিতা পরিচালনার জন্য প্রত্যেক বিভাগে নিম্নে উল্লিখিত বিচারক প্যানেল গঠন করার বিষয়টি সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সংশ্লিষ্ট উপ-কমিটি সমূহের অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য পৃথকভাবে সভার আয়োজন করে সমন্বয় সাধন করবেন।

০২। চিত্রাংকন প্রতিযোগিতা উপ কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপজেলা শিক্ষা অফিসার, মহেশপুর, ঝিনাইদহ — আহবায়ক
২. প্রধান শিক্ষক, মহেশপুর পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় — সদস্য
২. জনাব আফজালুর রহমান, উপজেলা সহকারী শিক্ষা অফিসার, মহেশপুর, ঝিনাইদহ — সদস্য
৩. প্রধান শিক্ষক, জলিলপুর মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয় — সদস্য
৪. প্রধান শিক্ষক, মহেশপুর পৌর সরকারী প্রাথমিক বিদ্যালয় — সদস্য
৫. প্রধান শিক্ষক, বারুইপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় — সদস্য

(কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবেন)

০৩। আবৃত্তি প্রতিযোগিতা উপ কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মহেশপুর, ঝিনাইদহ — আহবায়ক
২. উপজেলা একাডেমিক সুপারভাইজার, মহেশপুর, ঝিনাইদহ — সদস্য
৩. সহকারী প্রোগ্রমার (আইসিটি), মহেশপুর, ঝিনাইদহ — সদস
৪. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, মহেশপুর, ঝিনাইদহ — সদস্য

(কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবেন)

০৪। বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ প্রতিযোগিতা উপ কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপজেলা কৃষি অফিসার, মহেশপুর, ঝিনাইদহ — আহবায়ক
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মহেশপুর, ঝিনাইদহ — সদস্য
৩. উপজেলা সমাজসেবা অফিসার, মহেশপুর, ঝিনাইদহ — সদস্য
৪. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মহেশপুর, ঝিনাইদহ — সদস্য

(কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবেন)

০৪। পুষ্পস্তবক অর্পণ উপ কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. সহকারি কমিশনার (ভূমি), মহেশপুর, ঝিনাইদহ — আহবায়ক
২. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহেশপুর, ঝিনাইদহ — সদস্য
৩. উপজেলা সমাজসেবা অফিসার, মহেশপুর, ঝিনাইদহ — সদস্য
৪. সহকারী প্রোগ্রামার (ব্যানবেইস), মহেশপুর, ঝিনাইদহ — সদস্য

<u>সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ</u>

০১। জনাব এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৮৩, ঝিনাইদহ -৩ মহোদয়কে সকল অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকার জন্য সভার মাধ্যমে অনুরোধ করা হয়।

০২। মহেশপুর উপজেলাধীন সকল বীর মুক্তিযোদ্ধগণকে অংশগ্রহণ করার জন্য সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা কমান্ড, মহেশপুর এবং পৌর কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, পৌর কমান্ডাকে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়।

০৩। মহেশপুর উপজেলা ও পৌরসভার আওয়ামীলীগ, ছাত্রলীগ, যুবলীগ, শ্রমিকলীগ, স্বেচ্ছাসেবকলীগ, কৃষকলীগ, ওলামালীগ এর সভাপতি ও সেক্রেটারিসহ সকল নেতৃবৃন্দকে অংশগ্রহণ করার জন্য সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়।

০৪। ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে সকল কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বাধ্যতামূলক। এ বিষয়ে কার্যকারি ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়।

০৫। ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রেসক্লাব মহেশপুর, রিপোর্টার্স ক্লাব, মহেশপুর প্রেসক্লাব, উপজেলা প্রেসক্লাব, সাংবাদিক কল্যাণ সংস্থার সভাপতি, সম্পাদকসহ সকল সাংবাদিকগণকে অংশগ্রহণ করার জণ্য সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়।

০৬। ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যান, ইউপি সদস্য, ইউপি সচিব এবং গ্রাম পুলিশদের অংশগ্রহণ বাধ্যতামূলক। এ বিষয়ে কার্যকারি ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়।

০৭। মহেশপুর মাধ্যমিক বিদ্যালয়, মহেশপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এবং মহেশপুর পৌর ল্যাব স্কুলের প্রধান শিক্ষককে নিজ নিজ বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীসহ যথা সময়ে অংশগ্রহণ করার জন্য সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। এ বিষয়ে কার্যকারি ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়।

০৮। চিত্রাংকন প্রতিয়োগিতায় অংশগ্রহণ নিশ্চিত করণের জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। এ বিষয়ে কার্যকরি ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে এবং উপজেলা শিক্ষা অফিসারকে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। উল্লেখ্য প্রতিযোগীকে আর্টপেপার এবং রংসহ অন্যান্য উপকরণ সঙ্গে আনতে হয়।

০৯। ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২ উদযাপন উপলক্ষ্যে নিরাপত্তার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক পুলিশ মোতায়েনের জন্য অফিসার ইন-চার্জ, মহেশপুর থানা কে অনুরোধ করা হয়।

১০। দিবসটির ঐতিহাসিক গুরুত্ব ও সচেতনতা আগামী প্রজন্মের মধ্যে যথাযথভাবে সঞ্চারণের লক্ষ্যে সভার পক্ষ থেকে সকলকে অনুরোধ করা হয়। এ বিষয়ে কার্যকারী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়।

১১। ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২ উদযাপন উপলক্ষ্যে বিকাল ০৩.০০ ঘটিকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, ঢাকায় অনুষ্ঠিতব্য কেন্দ্রীয় অনুষ্ঠান (যা বিটিভি ও বিটিভি ওয়াল্ড/বেসরকারি টিভি চ্যানেল এর মাধ্যামে সরাসরি সম্প্রচার করা হবে) ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে স্থানীয় জনপ্রতিনিধিগণ, বীরমুক্তিযোদ্ধাসহ সকল শ্রেণী পেশার লোকজনের উপস্থিতিতে অনলাইনে যুক্ত হয়ে বড় পর্দায় কেন্দ্রীয় অনুষ্ঠান উৎসবমুখর পরিবেশে উপভোগ করবেন। সকলের উপস্থিতি নিশ্চিত পূর্বক অনুষ্ঠান প্রদর্শণের জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানগণকে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়।

১২। সরকারি নির্দেশনার আলোকে যে কোন কর্মসূচি পরিবর্তন হতে পারে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় গৃহীত ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২ উদযাপন উপলক্ষ্যে সর্বস্তরের জনসাধারণের অংশগ্রহণ ও সার্বিক সহযোগিতা কামনা করে সম্মানিত সুধীবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

02/03/22

নয়ন কুমার রাজবংশী
উপজেলা নির্বাহী অফিসার
মহেশপুর, ঝিনাইদহ

স্মরকঃ ০৫.৪৪.৪৪৭১.০০০.২৫.০০১.২১. 200(200)

তারিখঃ ০২/০৩/২০২২ খ্রি.

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। জনাব এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৮৩, ঝিনাইদহ -৩
০২। জেলা প্রশাসক, ঝিনাইদহ
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর, ঝিনাইদহ
০৪। মেয়র, মহেশপুর পৌরসভা, মহেশপুর, ঝিনাইদহ
০৫। অফিসার ইনচার্জ, মহেশপুর থানা, ঝিনাইদহ
০৫। উপজেলা........................................................অফিসার, মহেশপুর, ঝিনাইদহ
০৬। চেয়ারম্যান ....................................................(সকল) ইউনিয়ন পরিষদ, মহেশপুর, ঝিনাইদহ
০৭। জনাব............................................................ মহেশপুর, ঝিনাইদহ (সংশ্লিষ্ট সকল)

02/03/22

উপজেলা নির্বাহী অফিসার
মহেশপুর, ঝিনাইদহ